



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০৮১-৭০০৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৫১০

তারিখ: ২৫/১১/২০২৪ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

### কুবি'র সাথে কুমিল্লা ইবনে সিনা ডায়াগনস্টিক অ্যান্ড কনসালটেশন সেন্টার এর সমঝোতা চুক্তি স্বাক্ষর

কুমিল্লা বিশ্ববিদ্যালয় ও কুমিল্লা ইবনে সিনা ডায়াগনস্টিক অ্যান্ড কনসালটেশন সেন্টারের মধ্যে দ্বি-পাক্ষিক সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। আজ ২৫ নভেম্বর সোমবার বেলা ১১টায় ভার্সুয়াল ক্লাস রুমে মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ হায়দার আলী'র উপস্থিতিতে এ দুই প্রতিষ্ঠানের মধ্যে দ্বিপাক্ষিক সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়।। চুক্তিতে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন রেজিস্ট্রার মোঃ মজিবুর রহমান মজুমদার এবং কুমিল্লা ইবনে সিনা ডায়াগনস্টিক অ্যান্ড কনসালটেশন সেন্টারের পক্ষে স্বাক্ষর করেন ইবনে সিনা ট্রাস্টের বিজনেস ডেভেলপমেন্ট বিভাগের এজিএম ও প্রধান জনাব নিয়াজ মাখদুম শিবলি। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মাসুদা কামাল, মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান, বিভিন্ন অনুষদের ডিন, হল প্রভোস্ট ও বিভাগীয় প্রধানগণ এবং শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

এ চুক্তির আওতায় সকল প্রকার প্যাথলজিক্যাল টেস্টে ৩৫%, সব ধরনের পিসিআর টেস্টে ৩০%, সব ধরনের রেডিওলজিক্যাল এবং ইমেজিং টেস্টে ৩০% এবং ফিজিওথেরাপি পরিসেবাগুলিতে ১০% ছাড় দেয়া হবে।

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও তাদের সহধর্মিনী, সন্তান, বাবা, মা এবং শিক্ষার্থীবৃন্দ বাংলাদেশের সকল ইবনে সিনা ডায়াগনস্টিক অ্যান্ড কনসালটেশন সেন্টারে এ সুবিধা ভোগ করবেন।

চুক্তি স্বাক্ষর শেষে ইবনে সিনা ট্রাস্টকে ধন্যবাদ জানিয়ে মাননীয় ভাইস-চ্যান্সেলর তাঁর বক্তব্যে বলেন, কুমিল্লা বিশ্ববিদ্যালয় পরিবার বিশেষ করে দরিদ্র ছাত্র-ছাত্রীরা যাতে উপকৃত হয় সেজন্যই এ চুক্তিটি সম্পাদন করা হয়েছে। ছাত্র-ছাত্রীদের নিকট থেকে কনসালটেশন ফি ৫০% কমানোর জন্য ইবনে সিনা ট্রাস্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান মাননীয় ভাইস-চ্যান্সেলর।

আন্তরিক ধন্যবাদসহ

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬